গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

## জুন ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ০৮-০৬-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'। |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

আলোচনা : সভায় মে ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-২ : আরডিআরএস বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, মুক্তিযুদ্ধের সময় থেকে আরডিআরএস বাংলাদেশ অত্র এলাকার সর্বস্তরের জনগণের আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নে সহযোগিতা ও সেবা প্রদান করে আসছে। আরডিআরএস বাংলাদেশ জেলার ৯টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নানামুখী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। আরডিআরএস বাংলাদেশ সকল উপজেলায় কোর কম্প্রিহেনসিপ প্রোগ্রাম; কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, উলিপুর ও চিলমারী উপজেলায় সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা; সকল উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিদিন বিস্কুট বিতরণ; চিলমারী ও উলিপুর উপজেলায় জানুয়ারি ২০১৭ হতে মে ২০১৭ পর্যন্ত জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবের কারণে আত্ম স্থানান্তরিত জনগণের ঘাত সহনশীলতা বৃদ্ধিকরণ; রিড প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার মোট ১৩২ টি প্রাথমিক বিদ্যালয়ে ১ম হতে ৩য় শ্রেণির শিক্ষার্থীদের পঠন বৃদ্ধির কাজ করছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩ : ইএসডিও এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৯টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলার ৭২টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। কুড়িগাম জেলায় 'Child Labour Monitoring System (CLMS) Project', Strengthening Women's Ability for Productive New Opportunuties (SWAPNO) Project', 'Adolecent Health Strengthening (AHS) Activity' আর্লি রিকভারী ফ্যাসিলিটি (ইআরএফ) প্রকল্প, 'ম্যাশ ওয়াশ প্রকল্প, Where the Rain Fall (WTRF) Project', 'Reaching Out School Children (ROSC) Project' এবং 'Activating Village Court in Bangladesh (AVCB)' সহ ক্ষুদ্র ঋণ প্রকল্প পরিচালনা করে আসছে। এই ০৯ (নয়) টি প্রকল্পের মধ্যে এক বা একাধিক প্রকল্প জেলার ০৯ টি উপজেলা ৭২ টি ইউনিয়নে বাস্তবায়িত হয়ে আসছে।

**আলোচ্যসূচি-৪ : টিএমএসএস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ২০০২ সালে এ সংস্থা কুড়িগ্রাম সদর উপজেলায় কার্যক্রম শুরু করে। ২০০৫ সাল পর্যন্ত ০৬টি এবং ২০১৬ সালে মোট ০৭টি উপজেলায় কর্মসূচি সম্প্রসারণ করা হয়। ৪টি আঞ্চলিক অফিস ও ২০টি শাখা অফিসের মাধ্যমে টিএমএসএস এ জেলায় কাজ করে যাচ্ছে। টিএমএসএস ২০টি শাখায় ০৮ (আট) ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে। চলতি মাসে ঋণ গ্রহণকারীর সংখ্যা ২৯৪৯জন; এ মাসে বিতরণকৃত ৭,৮৪,৮৩,০০০ টাকা; আদায়কৃত বকেয়াসহ টাকা ৮,৪৭,৬১,৩৬২ টাকা। এছাড়া সংস্থার সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির আওতায় এ মাসে 'বাল্যবিবাহ প্রতিরোধ' বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

**আলোচ্যসূচি-৫ : ব্যুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের এরিয়া ব্যবস্থাপক সভায় অবহিত করেন যে, তার সংস্থা কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/ উলিপুর/ চিলমারী/ নাগেশ্বরী শাখা'র মাধ্যমে ১২,৬২১ জন উপকারভোগীর মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ করছে। এছাড়া সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন.

**আলোচ্যসূচি-৬ : কিরারা নোকাই এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় ২০১৭-২০১৭ চক্রে রামখানা, রায়গঞ্জ, সন্তোষপুর, নেওয়াশী, বামনডাঙ্গা, হাসনাবাদ, ভিতরবন্দ, কেদার, কচাকাটা, বল্লভেরখাসসহ মোট ১০ টি ইউনিয়নে ২,৪০০ জন ভিজিডি উপকারভোগী সদস্যদের নিয়ে কাজ করছে। বর্তমানে ভিজিডি সদস্যদের নিয়ে 'ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার' উপর প্রশিক্ষণ চলমান রয়েছে।

চলমান পাতা-২

আলোচ্যসূচি-৭ : **সিডিডিএফ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, মে ২০১৭ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাব এর সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচ্যসূচি-৮ : **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন এর কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে জানানো হয়।

আলোচ্যসূচি-৯ : **বকুলতলী মহিলা সংসদ এর কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সভায় অবহিত করেন যে, উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসুচীর আওতায় ভূরুঙ্গামারী উপজেলার ৪টি ইউনিয়নের ৮টি স্কুলের ৩০ জন করে মোট ২৪০ জন উপকারভোগী এবং ০১টি স্কুলে ১০৫ জন উপকারভোগী রয়েছে। মোট ৩৪৫ জন ছাত্র/ছাত্রীর লেখাপড়া চলছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১০ : **শিশু পল্লী প্লাস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী, রাজারহাট ও ভূরুঙ্গামারী উপজেলায় তাদের সংস্থা আবেদনকৃত মায়েদের বাড়ি পরিদর্শন, তাদের শিশু পল্লী প্লাস যেতে সহায়তা করা, মায়েদের সাথে সভা করা, তাদের ছেলে মেয়েদের শিক্ষা সহায়তা প্রদান করা হয়। বিভিন্ন সরকারি বেসরকারি সেবা সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১১ : **ফ্রেন্ডশীপ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। চরাঞ্চলের ০-১৮ মাস বয়সী সকল শিশুরা ইপিআই কার্যক্রমের আওতায় এসেছে। ১২০ টি ইপিআই সেশনে ১৩৮১ শিশু ও ১১০৮ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে। একটি ভাসমান হাসপাতালের মাধ্যমে বর্তমানে উলিপুর উপজেলার মিয়াজিপাড়া (বিন্দুর চর) এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। ০১ টি প্লাস্টিক সার্জারী ক্যাম্প, ০১ টি চক্ষু অপারেশন ক্যাম্প ও ০১টি অর্থোপেডিক ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১২ : **ব্র্যাক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্র্যাক প্রতিনিধি কুড়িগ্রাম, সভায় অবহিত করেন যে, মা ও শিশু পরিচর্যা কর্মসূচি, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় মে ২০১৭ মাসে ৪,১৯২জনকে ৯,৯৩.৪৮ (লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয় এবং সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহ বাবদ অত্র জেলায় প্রান্তিক চাষীর মাঝে অনুদান প্রদান করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৩ : **মেরী স্টোপস্ ক্লিনিক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, 'স্ট্রেংদেনিং এন্ড এক্সপেন্ডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ' প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে মে ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৪ : **ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঠিকানা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ১৯৯৬ সাল থেকে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও অধিকার কার্যক্রম নিয়ে কাজ করে আসছে। জানুয়ারি ২০১৫ মাসে সংস্থার সকল প্রকল্পগুলোর কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে সংস্থায় কোন চলমান প্রকল্প বিদ্যমান নেই।

আলোচ্যসূচি-১৫ : **উদয় এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিনিয়র শাখা ব্যবস্থাপক, উদয়, উলিপুর, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় তর সংস্থার ০৩(তিন) টি শাখা বিদ্যমান। বিগত ২০১৩-২০১৪ ভিজিডি কর্মসূচিতে জীবন মান উন্নয়ন ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা করেছে। বর্তমানে সরকারি কোন প্রজেক্ট না থাকায় মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির অনুমোদনে স্বল্প পরিসরে ক্ষুদ্রঋণ কার্যক্রম সংস্থাটি পরিচালনা করছে।

আলোচ্যসূচি-১৬ : **কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে মে ২০১৭ মাসে ৪১৩৬ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ২৫৯ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/ দরিদ্র/ নিম্নমধ্যবিত্ত ২৩৪ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার মে ২০১৭ মাসে কুড়িগ্রাম জেলায় ৬৬ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ০৮ জন গর্ভবতী মায়ের টিটি টিকা এবং ১৪৯ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

চলমান পাতা-৩

আলোচ্যসূচি- ১৭ : **প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রশিকা, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৮ : **সূর্যের হাসি ক্লিনিক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, মে ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমসহ বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৯ : **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-১৮ চক্রের জন্য উলিপুর উপজেলার ০৯ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩১ মে ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৬,৩৫,৬৬০/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, উলিপুর শাখায় জমা রয়েছে। এছাড়াও নাগেশ্বরী এবং কুড়িগ্রাম সদর উপজেলায় জেলা পরিষদের অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিতরণকৃত ৯ টি হুইল চেয়ার ও ৬ টি রিক্সা গ্রহণকারী উপকারভোগী প্রতিবন্ধীদের কার্যক্রম সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।

আলোচ্যসূচি-২০ : **গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। মে ২০১৭ মাসে উলিপুর উপজেলায় ৮২ জন ও নাগেশ্বরী উপজেলায় ১৩৯ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২১ : **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রামের প্রতিনিধি বলেন, তার সংস্থা SHOUHARDO-III, CIRDV, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, EIE প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে। SHOUHARDO-III কর্মসূচি চর রাজিবপুর, ফুলবাড়ী, নাগেশ্বরী ও রাজারহাট উপজেলার ১৮ টি ইউনিয়নে কাজ করে যাচ্ছে। এ কর্মসূচির অধীন গরীব ও অতি-গরীব পরিবারসমূহের গর্ভবতী মায়েদের মাঝে সম্পূরক খাদ্য (রেশন) বিতরণ করা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২২ : **ইসলামিক রিলিফ বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, Alternative Orphan Family Sponsorships programme through Sustainable livelihoods (ALO-IRUK) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দূর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৫০ টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। ৭৫০ টি হতদরিদ্র অসহায় পরিবার নিজেদের ব্যবস্থাপনায় এ পর্যন্ত প্রায় ১৫,৫৭,০৪৩/- টাকা সঞ্চয় জমা করেছে। ৫২ টি স্বাবলম্বন দলের সাপ্তাহিক সভায় বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম রোধ, যৌতুক প্রতিরোধ ইত্যাদি বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ২৩ : **সুশীলন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সুশীলন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, মে ২০১৭ মাসে 'উত্তারাঞ্চলের দারিদ্রতা হ্রাস কর্মসূচির (নারী) অধীন সচেতনতা বৃদ্ধি ও উপকারভোগী নির্বাচন' প্রকল্পের মাধ্যমে উপকারভোগী প্রশিক্ষণে পাঠানোর ক্ষেত্রে ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলার ৩৩টি ইউনিয়নে অবহিতকণ সভা ও উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৪ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক 'ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ পোভার্টি গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ' প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়। জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি পর্যায়ে ৫৪ টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ২৫ : **গণউন্নয়ন কেন্দ্র-এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এ সংস্থা অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া ও জয়পুরহাট জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দুর্যোগপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন- তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ববিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দুর্যোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধীদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জন সচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৬ : **গ্রাম উন্নয়ন কেন্দ্র এর কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : **গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের** প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কার্যক্রমের ২০১৭-১৮ চক্রের জন্য রাজারহাট ০৭টি ইউনিয়নে কাজ করছে। উক্ত চক্রে নির্বাচিত উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ৩১ মে ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১১,৭৬,৫৯০/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় জমা রয়েছে।

চলমান পাতা-৪

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২৭ | : | **অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত এ সংস্থার মাধ্যমে চিলমারী উপজেলায় ২০১৭-২০১৮ চক্রে ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রতিটি ইউনিয়নে প্রত্যেক সুবিধাভোগীদের মাঝে দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। |
| আলোচ্যসূচি-২৮ | : | **ল্যাম্ব হাসপাতাল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ল্যাম্ব হাসপাতালের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়াল্ড মিশন প্রেয়ার লীগ ( ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ৬ টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্য কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ ২০১৭ সালের ফেব্রুয়ারি মাস হতে সম্পাদন করে আসছে। বিভিন্ন দুর্যোগকালীন বিপন্ন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভবতী মা ও শিশু, বৃদ্ধ-বৃদ্ধা, প্রতিবন্ধী, মহিলা ও মেয়েদের বিভিন্ন রোগ ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণের জন্য কাজ করে থাকে। |
| আলোচ্যসূচি-২৯ | : | **এসকেএস ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৩০ | : | **বিবিধঃ** |

আলোচনা :

১. সভায় আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য ধন্যবাদ জানানো হয়।

২. আগামী সভায় মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য উপস্থিত অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

৩. কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত যে সকল এনজিও/সংস্থা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করেননি, তাদেরকে নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা, চলতি মাসের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং ৩৩০০১৪০২৪-তে জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন। কিছু সংখ্যক এনজিও/সংস্থা কর্তৃক ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি দাখিল না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।

৪. সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য সভাপতি অনুরোধ করেন এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos. org.bd) নিজ ওয়েবপেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

৫. সভাপতি বলেন, এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সঙ্গে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সহকারী কমিশনার সাধারণ শাখা |
| ৫ | এনজিওসমূহের কার্যক্রম মনিটরিং-এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা ও চলতি ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমাপূর্বক জমা প্রদানের রশিদ দাখিল করেনি, সে সমস্ত এনজিওকে চলতি মাসের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবে। | এমজেএসকেএস উলিপুর, কুড়িগ্রাম |
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |

চলমান পাতা-৫

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯ | এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে সব এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে কার্যক্রম বাস্তবায়ন করবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৭-৫৮৫(৭৫)

তারিখঃ ০৫ আষাঢ় ১৪২৪ / ১৯ জুন ২০১৭

অনুলিপিঃ

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।

৪। ............................................................

............................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

# এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিতি

সভার তারিখঃ ০৮/০৬/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম | স্বাঃ |
| ২ | জনাব সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, | স্বাঃ |
| ৩ | জনাব মোঃ আমিরুল ইসলাম, ফ্রেন্ডশীপ,কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪ | জনাব মোঃ রেজেয়ানুল হক, ফ্রেন্ডশীপ,কুড়িগ্রাম | স্বাঃ |
| ৫ | জনাব মোঃ কামরুল ইসলাম, ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৬ | জনাব শীতেন দেব, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৭ | জনাব মোঃ ছাবেদ আলী, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৮ | জনাব ফারহানা বেগম, অপরাজেয় বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৯ | জনাব মোঃ মহব্বত হোসেন ফারুক, ই এস ডি ও | স্বাঃ |
| ১০ | জনাব মোঃ আব্দুর রউফ, উদয়, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১১ | জনাব মোঃ দুলাল হোসেন, শাখা ব্যাবস্থাপক, গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১২ | জনাব মোঃ মাজহারুল ইসলাম, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৩ | জনাব মাহতাব লিটন, ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৪ | জনাব মোঃ ইব্রাহিম আলী, এসকে এস ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৫ | জনাব জাহেদুল ইসলাম, ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, সদর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৬ | জনাব আলমগীর সরকার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৭ | জনাব মোঃ কবির হোসেন, শিশু পল্লী প্লাস | স্বাঃ |
| ১৮ | জনাব মোঃ লুৎফর রহমান, সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৪ | জনাব মোঃ আব্দুল হক, বকুলতলী মহিলা সংসদ,ভূরুংগামারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৫ | জনাব মোঃ রুহুল আমিন, ম্যানেজার, কিরানা নো কাই, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৬ | জনাব মোঃ ফজলুল হক, ঠিকানা সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৭ | জনাব মোঃ আলমগীর কবির, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৮ | জনাব বিবেকানন্দ অধিকারী, জেলা ব্যবস্থাপক, টিডিএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৯ | জনাব মোঃ ফিরোজ আহমেদ, আরডিআরএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩০ | জনাব মোঃ সফিউল ইসলাম, আরডিআরএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩১ | জনাব মোঃ মিজানুর রহমান, সুশীলন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩২ | জনাব মোঃ মশিউর রহমান, ব্যুরো বাংলাদেশ | স্বাঃ |
| ৩৩ | জনাব মোঃ আঃ ওহাব, অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৪ | জনাব মাহতাব উদ্দিন, টিএমএসএস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৫ | জনাব মো শফিউর রহমান, ব্র্যাক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৬ | জনাব সোহেল আরমান, ম্যানেজার, সন্ধান, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |

পরিশিষ্ট-খ

## এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় অনুপস্থিতি

সভার তারিখঃ ০৮/০৬/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জীবিকা,কুড়িগ্রাম | |
| ২ | সলিডারিটি, কুড়িগ্রাম | |
| ৩ | মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ৪ | কেডিএবি, চিলমারী, কুড়িগ্রাম | |
| ৫ | টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রাম | |
| ৬ | আফাদ, কুড়িগ্রাম | |
| ৭ | আশা, কুড়িগ্রাম | |
| ৮ | ছিন্নমুকুল, কুড়িগ্রাম | |
| ৯ | কেয়ার বাংলাদেশ | |
| ১০ | বিডিএসসি, কুড়িগ্রাম | |
| ১১ | গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ১২ | উদ্দীপন, কুড়িগ্রাম | |
| ১৩ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | |
| ১৪ | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | |
| ১৫ | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম | |
| ১৬ | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ১৭ | এসিডি, কুড়িগ্রাম | |
| ১৮ | ঐকুমেনী ডেভলেপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ১৯ | প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম | |
| ২০ | গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ২১ | সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম | |
| ২২ | চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | |
| ২৩ | সিড়ি, কুড়িগ্রাম | |
| ২৪ | তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ২৫ | জনকল্যাণ কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ২৬ | হাতিয়া উন্নয়ন সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ২৭ | সফট, কুড়িগ্রাম | |
| ২৮ | উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ২৯ | স্কীলফুল- সুইসকন্টাক্ট, কুড়িগ্রাম | |
| ৩০ | প্রুফস আইডিই, কুড়িগ্রাম | |
| ৩১ | পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম | |